

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৫১৫

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬৭. কোনো ব্যক্তি তার নিয়মিত ওয়াযীফা আদায় না করে ঘুমিয়ে পড়লে

بَابُ إِذَا نَامَ عَنْ حَزْبِهِ مِنَ اللَّيْلِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ حَدَّثَنِي اللَّيْثُ حَدَّثَنِي يُونُسُ عَنْ ابْنِ شِهَابٍ أَخْبَرَنِي السَّائِبُ بْنُ يَزِيدَ وَعُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ أَنَّ عَبْدَ الرَّحْمَنِ بْنَ عَبْدِ قَالَ سَمِعْتُ عُمَرَ بْنَ الْخَطَّابِ يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ نَامَ عَنْ حَزْبِهِ أَوْ عَنْ شَيْءٍ مِنْهُ فَقَرَأَهُ فِيمَا بَيْنَ صَلَاةِ الْفَجْرِ وَصَلَاةِ الظُّهْرِ كُتِبَ لَهُ كَأَنَّمَا قَرَأَهُ مِنَ اللَّيْلِ

বাংলা

১৫১৫. উমর ইবনুল খাতাব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যে ব্যক্তি (রাতে) তার নিয়মিত ওয়াযীফা বা তার অংশ বিশেষ আদায় করতে না পেরে ঘুমিয়ে পড়ল এবং পরে ফজর সালাত ও যুহর সালাতের মধ্যবর্তী সময় তা পড়ে নিল, তবে তার জন্য তেমনই লিপিবদ্ধ করা হয়, যেন সে তা রাতেই পড়েছে।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ যযীফ। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: মুসলিম, (সালাতুল মুসাফিরীন) ৭৪৭; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২৩৫ ও সহীহ ইবনু হিব্বান নং ২৬৪৩ তে। এছাড়াও, আহমাদ ১/৩২; তাহাবী, মুশকিলিল আহার ২/১৮৫; ইবনু খুযাইমা, আস সহীহ নং ১১৭১; আবু নুযাইম, হিলইয়া ৮/৩২৬ সকলেই সহীহ সনদে; দাওলাবী, আল কুনী ২/১২; তাবারানী, আস সগীর ২/৭১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উমর ইবনুল খাতাব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81798>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন